

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(পত্রবিনিময় শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৬ -জি,

তারিখঃ ২৮/০১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ আইনজীবী সহকারীগণের নির্ধারিত পোশাক ও পরিচয়পত্রসহ আদালত অঙ্গনে প্রবেশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১। ১ই-৩৪৭/০৬ (অংশ-৩)/৪৮৯৮(১-৬) -জি, তারিখ ১৬/০৭/২০১৬ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন-এর স্মারক নং এস,সি,বি,এ-এস/২০১৬-২০১৭/১৪৭, তারিখ: ০৩/১১/২০১৬ খ্রিঃ।
৩। ১ই-৩৪৭/০৬ (অংশ-৩)/৪৮৯৮(১-৮) -জি, তারিখ ১৬/১১/২০১৬ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। বিজ্ঞপ্তি নং-৬১০ -জি, তারিখ ২৯/১০/২০১৭ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫। বিজ্ঞপ্তি নং-৫৬-জি, তারিখ ০১/০২/২০১৮ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে বহন এবং নির্ধারিত পোশাক পরিধান করার জন্য আইনজীবী সহকারীগণকে বার বার নির্দেশ দেয়া সত্ত্বেও অনেক আইনজীবী সহকারী উক্ত নির্দেশ পালন করেন না। আইনজীবী সহকারী না হওয়া সত্ত্বেও কোন ব্যক্তি যেন আইনজীবী সহকারী পরিচয়ে আদালত অঙ্গন ও শাখায় প্রবেশ করতে না পারেন বা বিচারপ্রার্থী জনগণকে প্রতারণিত করতে না পারেন বা আদালত ও শাখাসমূহের পরিবেশ ও নিরাপত্তা বিঘ্নিত করতে না পারেন তৎমর্মে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সদয় নির্দেশ প্রদান করেছেন।

০২। এমতাবস্থায়, অত্র বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে বহন ও নির্ধারিত পোশাক পরিধান ব্যতীত আইনজীবী সহকারীগণের অত্র কোর্ট অঙ্গনে বা শাখাসমূহে প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হলো।

০৩। কোর্ট অফিসার, কোর্ট কীপার ও সুপারিনটেনডেন্টগণ-কে উপরিউক্ত নির্দেশনা কঠোরভাবে বাস্তবায়ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। সংশ্লিষ্ট শাখার দায়িত্বরত সহকারী রেজিস্ট্রারগণকে বিষয়টি কঠোরভাবে নজরদারী করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আদেশক্রমে,

স্বা/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

E-mail: aktar.dr@supremecourt.gov.bd

তারিখঃ ২৮/০১/২০১৯ খ্রিঃ।

স্মারক নং- ২২৪(৬) -জি,

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। অতিরিক্ত রেজিস্ট্রার বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।
- ৫। সহকারী রেজিস্ট্রার বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।
- ৬। মাননীয় রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮। কোর্ট অফিসার/কোর্ট কীপার, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। সুপারিনটেনডেন্ট,(সকল)..... শাখা, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১০। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সহকারী সমিতি, ঢাকা।
- ১১। সকল নোটিশ বোর্ড।

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)